**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**24 JUNE 2024 7:45—7:55 PM IST**

==============================================================================================

১) অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আজ আরম্ভ । অধিবেশনে নব নির্বাচিত সদস্যদের পদ ও গোপনীয়তার শপথ গ্রহণ ।

২) দেশের জনসাধারণের কল্যাণের জন্য সংবিধানের কাঠামোর মধ্যে থেকে সহমতের মাধ্যমে বিকশিত ভারত নির্মাণের জন্য সরকার সঙ্কল্পবদ্ধ বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন্তব্য/

(৩) উত্তরপূর্ব সীমান্ত রেলের সম্পূর্ণ নেটওয়ার্কের ৬১ শতাংশকে একশো শতাংশ শূন্য কার্বন নির্গমন জোন হিসেবে গড়ে তোলা হয়েছে বলে সীমান্ত রেল সূত্রে প্রকাশ/

(৪) আর্ন্তজাতিক ক্রিকেটের জন্য আসামের রিয়ান পরাগ উত্তর পূর্বাঞ্চলের মধ্যে প্রথম ক্রিকেটার হিসেবে জাতীয় দলে নির্বাচিত/

---

অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আজ আরম্ভ হয়েছে । লোকসভা অধিবেশনের আগে রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি শ্রী মতী দ্রৌপদী মূর্মু অস্থায়ী অধ্যক্ষ ভাত্রুহারি মহতাবককে শপথ বাক্য পাঠ করান । অধিবেশনের প্রথমে নব নির্বাচিত সদস্যদের পদ ও গোপনীয়তার শপথ বাক্য পাঠ করানো হয় । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রথমে লোকসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করেন । অধ্যক্ষ শ্রী মহতাব শ্রী মোদীকে শপথ বাক্য পাঠ করান । এরপর স্থায়ী অধ্যক্ষ নির্বাচিত না হোয়া পর্যন্ত শ্রী মহতাবকে সহায়তা করার জন্য নিযুক্তি দেওয়া অধ্যক্ষ পেনেলের শপথ গ্রহণ করানো হয় ।বিজেপির সাংসদ রাধামোহন সিং ও ফগ্গন কুলাস্তে অধ্যক্ষ পেনেলের সদস্য হিসেবে শপথ গ্রহণ করেন ।অবশ্য কংগ্রেস সাংসদ কে সুরেশ , ডি এম কে সাংসদ টি আর বালু ও তৃণমূল কংগ্রেসের সুদীপ

বন্দোপাধ্যায় পেনেলের সদস্য হিসেবে শপথ গ্রহণ করেননি ।এরপর কেন্দ্রীয় মন্ত্রী অমিত শাহ , রাজনাথ সিং , শিবরাজ চৌহান , নীতিন গাডকাড়ি সহ অন্যান্য মন্ত্রীরা লোকসভার সদস্য হিসেবে শপথ গ্রহণ করেন । কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল অসমীয়া ভাষায় ও কে রামমোহন নাইডু তেলেগু ভাষায় শপথ গ্রহণ করেন । কেন্দ্রীয় দুই মন্ত্রী এইচ ডি কুমারস্বামী ও প্রহ্লাদ যোশী কানাড়া ভাষায় শপথ গ্রহণ করেন ও ধর্মেন্দ্র প্রধান ও জুয়েল ওড়াম ওড়িয়া ভাষায় শপথ গ্রহণ করেন ।আজ সভায় অধিকাংশ মন্ত্রীর আঞ্চলিক ভাষায় শপথ গ্রহণ করা ছিল গুরুত্বপূর্ন দিক ।

এদিকে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের শপথ গ্রহণের সময় বিরোধী দলের সদস্যরা চিকিৎসা বিজ্ঞানের প্রবেশ পরীক্ষায় সংগঠিত ত্রুটি সম্পর্কে শ্লোগান দিয়ে হৈ হট্টগোলপূর্ন পরিস্থিতির সৃষ্টি করেন ।আগামী বুধবার লোকসভার নতুন অধ্যক্ষ নির্বাচন হোয়া সহ রাষ্ট্রপতি শ্রী মতী দ্রৌপদী মুর্মু আগামী বৃহস্পতিবার সংসদের উভয় সভার যৌথ বৈঠকে ভাষন দেবেন । সেই দিনই রাজ্যসভার অধিবেশন আরম্ভ হবে । বিজেপির জাতীয় সভাপতি তথা কেন্দ্রীয় মন্ত্রী জে পি নাড্ডাকে রাজ্যসভায় দলের নেতা হিসেবে নির্বাচিত করা হয়েছে ।অন্যদিকে আগামী তেসরা জুলাই সংসদের অধিনেশন সমাপ্ত হবে ।

এদিকে লোকসভা অধিবেশনের প্রথম দিনই বিরোধী দলের সদস্যরা সংবিধানের প্রতিলিপি নিয়ে সংসদ ভবন প্রাংগনে প্রতিবাদ করেছে ।কংগ্রস সভাপতি মল্লিকাজুন খাড়্গে , সংসদীয় দলের সভানেত্রি সোনিয়া গান্ধী , রাহুল গান্ধী , সমাজবাদী পার্টির অখিলেশ যাদব , তৃনমূল কংগ্রেসের সাংসদ কল্যাণ বেনার্জি সহ বেশ কয়েকজন সদস্য প্রতিবাদ কার্যসূচীতে অংশ গ্রহণ করেন ।

---

দেশের জনসাধারণের কল্যানের লক্ষে সংবিধানের পরিসরের মধ্যে থেকে ও সহমতের দ্বারা অগ্রসর হয়ে বিকশিত ভারত গঠনের জন্য সরকার সংকল্প নিয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মন্তব্য করেন । অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আজ বিকশিত ভারত গঠনের প্রতিশ্রুতির সংগে শুরু হয়েছে । তিনি বলেন যে তার সরকার দেশের সেবা করতে ও জনসাধারণের আশা আকাংখা পূরণ করতে পূর্নগতিতে প্রয়াস চালিয়ে যাবে ।অধিবেশন আরম্ভ হোয়ার আগে সংসদের বাইরে সংবাদ মাধ্যমের কাছে একথা জানিয়ে শ্রী মোদী নব নির্বাচিত সব সাংসদকে অভিনন্দন জ্ঞাপন করেন । তিনি বলেন যে সরকার চালাতে হলে সংখ্যাগরিষ্ঠতার প্রয়োজন , কিন্তু দেশ চালাতে হলে দেশের সহমতের অতি প্রয়োজন । প্রধানমন্ত্রী বলেন যে স্বাধীনতা লাভের পর প্রথমবারের জন্য লোকসভার সাংসদের শপথ গ্রহণ কার্যসূচী নতুন সংসদ ভবনে অনুষ্ঠিত হচ্ছে । তিনি বলেন যে বিশ্বের সবথেকে বৃহৎ নির্বাচন প্রক্রিয়া গৌরবময়ভাবে সম্পন্ন হয়েছে ।তিনি বলেন যে স্বাধীনতা লাভ করার পর দ্বিতীয়বার দেশের জনসাধারণ পর পর তৃতীয়বারের জন্য কোনো একটি সরকারকে দেশের সেবা করার সুযোগ দিয়েছে । তিনি অষ্টাদশ লোকসভার সাংসদরা জনসাধারণের আশা আকাংখা পূরণ করবেন বলে আশা প্রকাশ করেন ।প্রধানমন্ত্রী অষ্টাদশ লোকসভায় যুব সাংসদদের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আনন্দ প্রকাশ করেন ।বিরোধীর ভূমিকা নিয়ে তিনি বলেন যে গনতন্ত্রের মর্যাদা বজায় রেখে তারা বিরোধীর ভূমিকা পালন করবে বলে জনসাধারণ আশা করছেন ।।

---

বিশ্বের মধ্যে বৃহত্তম ‘গ্রীন রেলওয়ে’ হওয়ার পথে দ্রুতগতিতে এগিয়ে যাওয়া উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে শূন্য কার্বন নির্গত হওয়া এবং একশো শতাংশ বৈদ্যুতিকীকরণের লক্ষ্যে এপর্যন্ত এই জোনের নেটওয়ার্কের ৬১ শতাংশ রুট কিলোমিটার অংশকে বৈদ্যুতিকীকরণের আওতায় আনা সম্ভব হয়েছে । মোট চার হাজার ২৬০ রুট কিলোমিটাএর নেটওয়ার্কের মধ্যে দুহাজার ৫৮৩ রুট কিলোমিটার এলাকাকে শূন্য কার্বন নির্গমনের যোগ্য করে তোলা হয়েছে বলে উত্তর পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে।

---

আসাম তথা সমগ্র উত্তর পুরবাঞ্চল থেকে এই প্রথম আন্তর্জাতিক ক্রিকেটে দেশের প্রতিনিধিত্ব করার সুযোগ পেল রাজ্যের উদীয়মান ক্রিকেটার রিয়ান পরাগ।

জিম্বাবয়েতে আসন্ন টি-২০ ক্রিকেট আন্তর্জাতিক শৃঙ্খলার জন্য ১৫ সদস্যের জাতীয় দলের ঘোষনা করেছে ভারতের ক্রিকেট নিয়ামক সংস্থা বি সি সি আই; এই দলে ডাক পেয়েছেন ক্রিকেটার রিয়ান পরাগ। আগামী ৬ ই জুলাই থেকে অনুষ্ঠেয় জিম্বাবয়ের বিরুদ্ধে পাঁচ ম্যাচের এই টি-২০ শৃঙ্খলায় বেশ কয়েকজন তরুণ ক্রিকেটার ডাক পেয়েছেন। আগামী ৬ ই জুলাই জিম্বাবয়ের হারারেতে প্রথম ম্যাচ অনুষ্ঠিত হবে এবং অন্তিম ম্যাচটি হবে ১৪ ই জুলাই।

এই শৃঙ্খলায় শুভমন গিলকে ভারতের অধিনায়ক হিসেবে নির্বাচিত করা হয়েছে। ভারতের নির্বাচিত ১৫ জনের দল টি হচ্ছে – শুভমন গিল (অধিনায়ক), যশস্বী জয়সওয়াল, ঋতুরাজ গাইকোয়াড়, অভিষেক শর্মা, রিংকু সিং, সঞ্জু সামসন, ধ্রুব জুরেল, নিতীশ রেড্ডি, রিয়ান পরাগ, ওয়াশিংটন সুন্দর, রবি বিষ্ণই , আভেশ খান, খলিল আহমেদ, মুকেশ কুমার এবং তুষার দেশপান্ডে।

উল্লেখ্য রিয়ান পরাগ হচ্ছেন আসাম এবং গোটা উত্তর পূর্বাঞ্চল থেকে ভারতের জাতীয় ক্রিকেট দলে দাক পাওয়া প্রথম ক্রিকেটার।

এদিকে জিম্বাবয়ের বিরুদ্ধে আন্তর্জাতিক খেলায় জাতীয় দলে রিয়ান পরাগের নির্বাচন নিয়ে সামাজিক মাধ্যম এক্স-এ আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মা তাঁকে অভিনন্দন জানিয়ে লিখেছেন “এটা আজকের সব থেকে ভালো খবর, আমাদের নিজেদের আসামের ছেলে রিয়ান পরাগ সমগ্র উত্তর পূরবাঞ্চল থেকে জাতীয় দলে দাক পাওয়া প্রথম খেলোয়ার।” তিনি আরও বলেছেন রিয়ান পরাগের জাতীয় দলে সুযোগ পাওয়া আসামের ক্রীড়া জগতের এক উল্লেখযোগ্য ঘটনা, এবং

আসাম থেকে আরও তরুণরা যাতে ক্রীড়াকে জীবিকা হিসেবে নিতে উৎসাহী হয়ে উঠে সেটা তারা সুনিশ্চিত করবেন।

আসামের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং বর্তমান কেন্দ্রীয় মন্ত্রী সরবানন্দ সনোয়ালও রিয়ান পরাগকে অভিনন্দন জানিয়ে এক্স-এ লিখেছেন – জিম্বাবয়ের বিরুদ্ধে আসন্ন সফরে ভারতের জাতীয় দলে রিয়ান পরাগের ডাক পাওয়া আমাদের এক অতিশয় গর্বের বিষয়। আসাম থেকে ভারতের জাতোয় দলে সুযোগ পেয়ে রিয়ান পরাগ ইতিহাস তৈরী করেছে। তার কঠোর পরিশ্রম এবং অধ্যাবসায় ফলপ্রসু হয়েছে।"

---

রাজ্যসরকার করিমগঞ্জ জেলার বদরপুরের এংলার বাজার এলাকায় ভূমিধ্বসে মৃত একই পরিবারের পাঁচজনের নিকটাত্মীয়দের আর্থিক সাহায্য প্রদান করেছে । গতকাল করিমগঞ্জ জেলা আয়ুক্তের কার্যালয়ে পর্যালোচনা বৈঠক শেষে ঐ পরিবারের কর্তার হাতে দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের তরফ থেকে মন্ত্রী পীযূষ হাজারিকা এই চেক তুলে দেন । মন্ত্রী শ্রী হাজারিকা একই পরিবারের নিহত চারজনকে নিয়ে মোট ১৬ লক্ষ টাকা এবং অরেকটি পরিবারের একজনের জন্য চারলক্ষ টাকার চেক প্রদান করেন । উল্লেখ্য- গত মঙ্গলবার রাত সাড়ে বারোটা নাগাদ বদরপুরের এংলার বাজারের বেন্দারগুল গ্রামে ভূমিধ্বসে একটি শিশু সহ একই পরিবারের পাঁচজনের মৃত্যু হয়েছে ।

এদিকে করিমগঞ্জ জেলার বিভিন্ন স্থানে বন্যা পরিস্থিতি এখনো স্বাভাবিক না হওয়ায় জেলার অধিকাংশ বিদ্যালয় এখনো বন্যার কবলে রয়েছে । ছাত্রছাত্রীদের নিরাপত্তার কথা মাথায় রেখে করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আগামীকাল পর্যন্ত জেলার সমস্ত বিদ্যালয় বন্ধ রাখার নির্দেশ দিয়েছেন । তবে পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী কোনো পরীক্ষা থাকলে তা যথারীতি অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে । ২০০৫ সালের দুর্যোগ ব্যবস্থাপনা আইন অনুসারে এই নির্দেশ দেওয়া হয়েছে ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে শিলচর গুরুচরন কলেজে ভর্তি প্রক্রিয়ায় যে অনিয়মের অভিযোগ উত্থাপিত হয়েছে , এর তদন্ত চেয়ে জেলা আয়ুক্তের নিকট স্মারক পত্র প্রদান করা হয় ।সংগঠনের জেলা সভানেত্রী স্বাগতা ভট্টাচার্য্যের নেতৃত্বে আজ এক প্রতিনিধি দল স্মারক পত্র প্রদান করে গুরুচরন কলেজে ভর্তি সংক্রান্ত অনিয়মের নিরপক্ষে তদন্ত দাবী করেছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে পল্লব ভট্টাচার্য্য , আপন লাল দাস , স্বপন চৌধুরী প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

ইন্ডিয়ান রেডক্রস সোসাইটির শিলচর শাখার পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে নার্সিং ট্রেনিং প্রশিক্ষনের জন্য আগামী পয়লা জুলাই থেকে ৬ই জুলাই পর্য্যন্ত আবেদন পত্র প্রদান করা হবে । আবেদন পত্র সংগ্রহ করার সময় উচ্চ-মাধ্যমিক পরীক্ষার মার্কশীট , সার্টিফিকেট এবং বয়সের প্রমান পত্র দেখাতে হবে । বিশদ বিবরন ইন্ডিয়ান রেডক্রস শাখার শিলচর কার্য্যলয়ে সকাল ১০টা থেকে বিকেল ৫টা পর্য্যন্ত পাওয়া যাচ্ছে ।

---

ক্লিনিক্যাল এস্টাব্লিশমেন্ট এ্যাক্ট-২০১০ অনুসারে পঞ্জীয়ন ছাড়া ক্লিনিক্যাল প্রতিষ্ঠান চালানোর ক্ষেত্রে নিষেধাজ্ঞার পরিপ্রেক্ষিতে কাছাড়ের যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক সমস্ত বেসরকারী হাসপাতাল, নার্সিংহোম, প্যাথলজিক্যাল ল্যাবরেটরি, ডায়াগনোস্টিক সেন্টার, বাণিজ্যিক ও আবাসিক স্থানে প্রাইভেট ডাক্তারের চেম্বার, ক্লনিক, ফার্মাসি ক্লিনিক ইত্যাদি চালাতে হলে এই আইনের আওতায় পঞ্জীয়ন করতে হবে । আগামী একমাসের মধ্যে সংশ্লিষ্টরা নিজেদের পঞ্জীয়ন না করলে শাস্তিমূলক বিধান অনুযায়ী ৫০ হাজার টাকা থেকে ৫ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা হতে পারে ।

এদিকে কাছাড় জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক অপর এক নির্দেশে জানিয়েছেন যে- কোনো কোয়াক বা অননুমোদিত ব্যক্তিকে কাছাড় জেলার যেকোনো জায়গায় আধুনিক এলোপ্যাথিক চিকিৎসা পদ্ধতি অনুশীলন করতে দেখা গেলে, সঙ্গে সঙ্গে এরজন্য নির্দিষ্ট হেল্পলাইন নম্বর- ০৩৮৪২-২৬৪০০০ এই নম্বরে জানাতে জনসাধারণের প্রতি অনুরোধ করা হচ্ছে ।

---